# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৯৮

৫. হজ্জ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৪১. উমরাহ'র মীকাতসমূহ

بَاب الْمِيقَاتِ فِي الْعُمْرَةِ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يَزِيدَ الْبَزَّازُ حَدَّثَنَا يَحْيَى بْنُ زَكَرِيَّا حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ أَخْبَرَنِي مُزَاحِمُ بْنُ أَبِي مُزَاحِمٍ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ مُحَرِّشٍ الْكَعْبِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ مِنْ الْجِعْرَانَةِ حِينَ أَنْشَأَ مُعْتَمِرًا فَدَخَلَ مَكَّةَ لَيْلًا فَقَضَى عُمْرَتَهُ ثُمَّ خَرَجَ مِنْ تَحْتِ لَيْلَتِهِ فَأَصْبَحَ بِالْجِعْرَانَةِ كَبَائِتٍ

## বাংলা

১৮৯৮. মুহার্রিশ আল-কা'বী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জি'ইরানাহ নামক স্থান থেকে (রাতে) উমরার উদ্দেশ্যে বের হন এবং রাতেই মক্কায় প্রবেশ করেন। এরপর তিনি উমরা সম্পাদন করে ঐ রাতেই ফিরে আসেন। জি'ইরনায় এমন করে তার ভোর হয় যে মনে হচ্ছিল তিনি যেন এখানেই রাত্রি যাপন করেছেন।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল হুমাইদী নং ৮৮৬; এছাড়া, ইবনুল কানি', মু'জামুস সাহাবাহ নং ১০৫২; নববী তার মাজমু' ৮/৬ তে এ হাদীস বর্ণনা করার পর বলেন: এর সনদ জাইয়্যেদ (উত্তম)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মুহাররিশ কা'বী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82181

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন